শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে



শিমশোন, ঈশ্বরের শক্তিমান ব্যাক্তি

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest; Alastair Paterson

অভিযোজন: Lyn Doerksen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

অনেক বছর আগে, ইস্রায়েলের মাটিতে একজন লোক থাকত, তার নাম মানোহ। তার এবং তার স্ত্রীর কোনও সন্তান ছিল না।

একদিন ঈশ্বরের এক স্বর্গদূত মানোহের স্ত্রীর কাছে এসে বলল, “তুমি এক বিশেষ সন্তানপ্রাপ্ত হতে চলেছ”।

তিনি তার স্বামীকে এই আশ্চর্য খবরটা দিলেন। মানোহ প্রার্থনা করলেন, “হে আমার প্রভু ... আমাদের কাছে আবার আসুন। আমরা কী করব এই সন্তানকে নিয়ে, তা আমাদের শিক্ষা দিন”।



স্বর্গদূত মানোহকে বললেন, শিশুদির চুল না কাটতে। অবশ্যই মদ না পান করতে এবং কিছু বিশেষ খাবার না খেতে।

ঈশ্বর এই শিশুটিকে বিচারক হওয়ার জন্য মনোনীত করেছেন। তিনি ইস্রায়েলকে নেতৃত্ব দেবেন।









ঈশ্বরের লোকদের অবশ্যই সাহায্যের প্রয়োজন আছে। তারা তাদের জীবন থেকে ঈশ্বরকে বিসর্জন দিয়েছে, তারা তাদের শত্রুদের



কিন্তু যখন তারা প্রার্থনা করল, ঈশ্বর শুনলেন। তিনি এই শিশুটিকে পাঠিয়েছিলেন, যে পৃথিবীর সবথেকে শক্তিশালী লোক হবে।

"সুতরাং ঐ স্ত্রীটি একটি পুত্র সন্তান প্রসব করল। এবং তাকে শিমশোন নামে ডাকা হল। শিশুটি বড়ো হতে লাগল ও ঈশ্বর তাকে আশীর্বাদ করতে লাগলেন এবং ঈশ্বরের আত্মা তার উপর অধিষ্ঠিত হতে লাগল।

শিমশোন ক্রমে পরাক্রমশালী হতে লাগল। একদিন সে খালি হাতে একটা সিংহের সাথে
লড়াই করেছিল এবং তাকে হত্যাও করেছিল।

পরে শিমশোন
মৌমাছির ঝাঁক থেকে মধু
খেয়েছিল, যেটা একটা মরা
সিংহের দেহে বাসা করেছিল।

সে একটা ধাঁধা
তৈরি করল: “খাদক থেকে
বেরোল খাদ্য এবং শক্তিমান
থেকে বের হল মিষ্টি”।

কেউ
এর মানে বুঝতে পারল
না, কিন্তু শিমশোনের নতুন
পলেস্টীয় স্ত্রী তার বন্ধুকে বলল।
এই বিষয়ে শিমশোন খুব রেগে গেল।

শিমশোন আরও রেগে গেল, যখন পলেস্টীয়রা তার স্ত্রীকে তারই প্রিয় বন্ধুর স্ত্রী হতে দিয়েছিল। সে প্রতিশোধ নেওয়ার পরিকল্পনা করল, কিন্তু কেমন করে?

প্রথমত শিমশোন তিনশো শেয়াল ধরল, তারপর দুটো করে শেয়ালের লেজ এক জায়গায় বাঁধল। এবং তাদের মাঝখানে আগুন জ্বালিয়ে ছেড়ে দিল।

তারপর পলেস্টীয়দের জমিতে শেয়ালগুলোকে ছেড়ে দিল।



এখন পলেস্টীয়রা প্রতিশোধ নিতে চাইল। শিমশোন নিজেকে ধরা দিক। তাকে হত্যা করার জন্য বেঁধে পলেস্টীয়দের হাতে তুলে দেওয়া হোক।

কিন্তু ঈশ্বরের আত্মা শিমশোনের উপরে ছিল। তাই সে দড়ি ছিঁড়ে দিল। একটি মরা গাধার চোয়াল দিয়ে সে এক হাজার লোককে হত্যা করল।



পলেস্টীয়রা বিভিন্ন ভোজসভায় শিমশোনকে খুঁজতে লাগল।

একদিন রাতে তারা তাকে এক শহরের মধ্যে ফাঁদে ফেলল ও শহরের দরজা বন্ধ করে দিল।

কিন্তু শিমশোন শহরের দরজাটা কাঁধে করে তুলে নিয়ে চলে এল।

কিন্তু শিমশোন ঈশ্বরের কাছে ব্যর্থ হল। যতক্ষণ সে ঈশ্বরের বাধ্য ছিল, ততক্ষণ ঈশ্বর তাকে শক্তি দিয়েছিলেন।

একদিন শিমশোন তার এই শক্তির গোপন রহস্য দলিলা নামে একজন সুন্দরী পলেস্টীয় চরকে বলল।

তার একজন লোক ছিল,
যে শিমশোনের ঘুমানোর
সময় শিমশোনের চুল
কেটে তাকে ন্যাড়া
করে দিয়েছিল।

তখন
পলেস্টীয়
সৈন্যরা
দলিলার ঘরে
শুয়ে থাকা
শিমশোনকে
আক্রমণ
করল।

শিমশোন কঠিন
লড়াই করল,
কিন্তু তার শক্তি
চলে গিয়েছিল ও
তার শত্রুরা তার
চোখ দুটো বার
করে নিয়েছিল।

অন্ধ এবং
দুর্বল
শিমশোন
পলেস্টীয়দের
ক্রীতদাস
হয়ে গেল।

তারা ঈশ্বরের সেবককে দেখে হাঁসতে ও ঠাট্টা করতে লাগল।

পলেস্টীয়রা একটা ভোজ প্রস্তুত করেছিল। তাদের হাতে শিমশোনকে দেওয়ার জন্য, তারা তাদের মৎস্য দেবতা ও দাগন দেবতার প্রশংসা করছিল।



তারা দাগোনের মন্দিরে আনন্দ ও পান করতে লাগল। তারপর তাদের আনন্দ দেবার জন্য তারা শিমশোনকে ডাকল।



একটা ছেলে শিমশোনকে নিয়ে এসে মন্দিরের স্তম্ভর কাছে দাঁড় করাল, যেটা মন্দিরকে ধরে রেখেছিল।



সেই মন্দিরের ছাদে তিন হাজার পলেস্টীয় বসেছিল এবং অনেকে মন্দিরের মধ্যে ছিল। সকলেই ঠাট্টা করছিল।

জেলেতে শিমশোনের চুল গজিয়ে উঠেছিল।



এখন সে প্রার্থনা করল, “প্রভু ঈশ্বর, আমাকে একবার শক্তি দাও, যাতে আমি আমার দু’চোখের প্রতিশোধ নিতে পারি”।

ঈশ্বর কি শিমশোনকে
শক্তি ফিরিয়ে দেবেন?
শিমশোন কি অসম্ভব
কিছু করতে পারবে?
হ্যাঁ! হ্যাঁ!

সমস্ত শক্তি দিয়ে
টান দিয়ে
শিমশোন
সেই বড়ো স্তম্ভ
দুটোকে ফেলে
দিল।

দাগোনের মন্দির ধ্বংসে পরিণত হল। শিমশোন ও হাজার হাজার পলেস্টীয় মারা গেল।

শিমশোন, ঈশ্বরের শক্তিমান ব্যক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

বিচারকর্তৃগণ ১৩-১৬

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬